

### বিদায়

সেই না ভোলা মুহূর্ত গুলো গেঁথে আছে মনে  
 আর নোনা জল আছড়ে পড়ছে সাগরপাড়ে  
 আজ, শুধু একটি কথাই ভেবে-----  
 কেন তুমি গেলে চলে, কেন চলে গেলে দুরে?  
 হয়ত তোমারি জন্য হয়েছি যে প্রেম বন্য  
 বন্যতা কতটুকু ছিল তা বলার বা বোঝাতে  
 পারিনি বলে আক্ষেপ নেই কোনো  
 চলে যেতে চাইছো??  
 যাও তবে তোমার কাঞ্চিত স্থানে।  
 হওতো এই শেষ দেখা, এই শেষ কথা  
 আর.....  
 ভালো থেকো খুসি মনে।

--- দেবজানি নাথ

